## 111322 - কুরবানীর গরুতে সাতজনের কম অংশীদার হওয়া জায়েয আছে কি?

প্রশ্ন

গরু দিয়ে কুরবানীর দেয়ার ক্ষেত্রে সাতজনের কম মানুষ অংশীদার হওয়া জায়েয আছে কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কুরবানীর গরুতে সাতজন অংশীদার হওয়া জায়েয আছে। ইতিপূর্বে 45757 নং প্রশ্নোত্তরে তা আলোচিত হয়েছে।

যেহেতু এক গরুতে সাতজন অংশীদার হওয়া জায়েয সুতরাং সাতজনের চেয়ে কম সংখ্যক মানুষ অংশীদার হওয়া আরও অধিক যুক্তিযুক্তভাবে জায়েয এবং অতিরিক্ত ভাগ নেয়ার জন্য তারা নফল আমলকারী হিসেবে গণ্য হবেন। যেমন কোন ব্যক্তি একাই যদি একটি গরু কুরবানী করেন তার ক্ষেত্রে হয়ে থাকে; অথচ তার জন্য একটি বকরী কুরবানী করাই যথেষ্ট।

ইমাম শাফেয়ি তাঁর 'আল-উম্ম' গ্রন্থে (২/২৪৪) বলেন:

"যদি তারা সংখ্যায় সাতের চেয়ে কম হন সেক্ষেত্রেও কুরবানীটি তাদের পক্ষ থেকে আদায় হয়ে যাবে। অতিরিক্ত ভাগ বহন করার মাধ্যমে তারা নফল আমলকারী। যেমনিভাবে যে ব্যক্তির উপর বকরী কুরবানী করা আবশ্যক সে উট দিয়ে কুরবানী করলে আদায় হয়ে যায়। বকরীর চেয়ে বেশি কিছু কুরবানী দেয়ার মাধ্যমে সে ব্যক্তি নফল আমলকারী গণ্য হল।"[সমাপ্ত]

কাসানী তাঁর 'বাদায়েউস সানায়ে' গ্রন্থে (৫/৭১) বলেন: "সাতজনের কম সংখ্যক ব্যক্তির পক্ষ থেকে একটি উট বা একটি গরু (কুরবানীর জন্য) যথেষ্ট হবে এতে কোন সন্দেহ নেই। উদাহরণতঃ দুইজন, তিনজন, চারজন, পাঁচজন বা ছয়জন যদি এক উটে কিংবা এক গরুতে অংশীদার হয়। কেননা এক সপ্তমাংশ ভাগ নেয়া যেহেতু জায়েয সুতরাং এর চেয়ে বেশি ভাগ নেয়া জায়েয হওয়া আরও বেশি যুক্তিযুক্ত; চাই এক্ষেত্রে সবার ভাগ সমান হোক কিংবা ভিন্ন ভিন্ন হোক। যেমন কারো ভাগ হলো অর্ধেক, কারো ভাগ হলো এক তৃতীয়াংশ, কারো ভাগ হলো এক ষষ্ঠাংশ; তবে এক সপ্তমাংশের চেয়ে কম যাতে না হয়।"[সমাপ্ত]